# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০২.০০০০.৯২২.৯৯.৩২.২১-১২৭৬ তারিখ ঃ ২২/০১/২০২৪ খ্রিঃ

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ **পঞ্চগড়**।

বিষয় ঃ "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)" - এর প্রকল্প পরিচালক কর্তৃক ১৬/০১/২০২৪ খ্রিঃ তারিখে পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলায় চলমান মার্কেট ভবন নির্মাণ কাজের পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক ১৬/০১/২০২৪ খ্রিঃ তারিখে পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলায় চলমান মার্কেট ভবন নির্মাণ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত ত্রুটিসমূহ প্রকল্প পরিচালক - এর সুপারিশ অনুযায়ী সংশোধনপূর্বক তার বিস্তারিত সচিত্র প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রকল্প পরিচালক বরাবর এলজিইডি সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**এখানে উল্লেখ্য যে, সিডিউলে উল্লেখিত ব্র্যান্ড ও স্পেসিফিকেশন বহির্ভূত বৈদ্যুতিক মালামাল, স্যানিটারী মালামাল ও সোলার সিস্টেম স্থাপন করা যাবে না এবং Design, Specification ও অনুমোদিত প্রাক্কলন বহির্ভূত কোন কাজের বিল পরিশোধ করা যাবে না। ত্রুটিপূর্ণ কাজের বিল প্রস্তুতকারী ও অনুমোদনকারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।**

**বিষয়টি অতীব জরুরী।**

**(স্বপন কান্তি পাল)**
প্রকল্প পরিচালক
ফোন ঃ ০২-৪৪৮২৬৩২৮
ইমেইল: pd.crmidp@lged.gov.bd

অনুলিপি ঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, **রংপুর বিভাগ**, জেলা ঃ **রংপুর**।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং ও মূল্যায়ন শাখা, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, **দিনাজপুর অঞ্চল**, জেলা ঃ **দিনাজপুর**।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা ঃ **আটোয়ারী**, জেলা ঃ **পঞ্চগড়**।

# দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

## পরিদর্শন প্রতিবেদন

বিভাগ ঃ রংপুর জেলা ঃ পঞ্চগড় উপজেলা ঃ আটোয়ারী

| ক্রমিক নং | পরিদর্শনের তারিখ | জেলা ও উপজেলা | পরিদর্শনকৃত স্কীমের বিবরণ (সমাপ্তির জন্য নির্ধারিত তারিখ, বর্তমান অগ্রগতি, প্রকল্পের নাম ইত্যাদি সহ) | পরিদর্শনকৃত স্কীমসমূহের পরিলক্ষিত ত্রুটি/সমস্যা সমূহের বর্ণনা | | | ত্রুটি সংশোধন/সমস্যা সমূহ সমাধানের জন্য সুপারিশমালা/গৃহীত ব্যবস্থাদি ও মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | Item | Design Specification | Field Observation | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১। | ১৬.০১.২০২৪ খ্রিঃ | পঞ্চগড়/ আটোয়ারী | Construction of 2-Storied Rural Market Building (With 4-Storied Foundation) at **Toreya Bazar**, under Upazila : **Atwari**, District : **Panchagarh.**<br>প্রকল্প/কর্মসূচির নাম ঃ CRMIDP<br>চুক্তি সম্পাদনের তারিখ ঃ ২৭.০৪.২০২১ খ্রিঃ<br>ঠিকাদারের নাম ও ঠিকানা ঃ **M/S Renco Traders Ashrompara, Sadar, Thakurgaon.**<br>প্রাক্কলিত মূল্য ঃ ১,৮৫,০০,০০০.০০টাকা<br>চুক্তিমূল্য ঃ ১,৪৮,১৩,৬২৪.৪৪ টাকা<br>চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ঃ ০৮.০৬.২০২৩ খ্রিঃ<br>বর্তমান অগ্রগতি ঃ ৯৪%<br>**কাজ বাস্তবায়নে নিয়ুক্ত কর্মকর্তা/কর্মচারী ঃ**<br>নির্বাহী প্রকৌশলী ঃ মোঃ শামছুজ্জামান/মোঃ মাহমুদ জামান<br>উপজেলা প্রকৌশলী ঃ মোঃ ফয়সাল<br>উপ-সহকারী প্রকৌশলী ঃ অসিম চন্দ্র রায় | **Brick Work** | **10 Hole Ceramic Brick Work** | • ড্রইং-ডিজাইন অনুযায়ী বারান্দা রেলিং নির্মাণ করা হয়নি এবং 10 Hole Ceramic Brick এর পরিবর্তে নরমাল ব্রীক দিয়ে বারান্দা রেলিং নির্মাণ করা হয়েছে এবং গাঁথুনী আঁকা-বাঁকা ও ফিনিশিং সন্তোষজনক নয়। | • স্পেসিফিকেশন বহির্ভূত বারান্দা রেলিং অপসারণ পূর্বক স্পেসিফিকেশন ও ড্রইং-ডিজাইন অনুযায়ী বারান্দায় 10 Hole Ceramic Brick দিয়ে বারান্দা রেলিং নির্মাণ করতে হবে। |
| | | | | **Drip Course** | - | • স্লাবের কার্নিসে Drip Course সঠিকভাবে করা হয়নি। | • ডিজাইন অনুযায়ী স্লাবের কার্নিসে Drip Course সঠিকভাবে করতে হবে। |
| | | | | **Drain at Platform** | - | • গ্রাউন্ড ফ্লোর-এ প্লাটফর্মের ড্রেনের পিট এর গভীরতা ১'-৬" এর স্থলে ২'-৬" করা হয়েছে, যা এখনই ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। | • ডিজাইন বহির্ভূত পিট ভেঙ্গে ড্রইং-ডিজাইন অনুযায়ী প্লাটফর্ম এর ড্রেন এবং ড্রেনের পিট নির্মাণ নিশ্চিত করতে হবে। |
| | | | | **Grating Net** | - | • Waste water pipe এবং Rain Water Down Pipe - এর মুখে (Inlet-এ) Grating Net ব্যবহার করা হয়নি। | • Waste Water Pipe এবং Rain Water Down Pipe - এর মুখে (Inlet-এ) Grating Net ব্যবহার নিশ্চিত করতে হবে। |
| | | | | **Collapsible Gate** | - | • স্পেসিফিকেশন অনুযায়ী Collapsible Gate স্থাপন করা হয়নি। | • ডিজাইন ও স্পেসিফিশেন অনুযায়ী Collapsible Gate স্থাপন করতে হবে। |
| | | | | **Roof Top** | - | • Roof Top - এ Steel Door ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী স্থাপন করা হয়নি। | • Roof Top - এ Steel Door ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী স্থাপন করতে হবে। |

22/01/2024

| ক্রমিক নং | পরিদর্শনের তারিখ | জেলা ও উপজেলা | পরিদর্শনকৃত স্কীমের বিবরণ (সমাপ্তির জন্য নির্ধারিত তারিখ, বর্তমান অগ্রগতি, প্রকল্পের নাম ইত্যাদি সহ) | পরিদর্শনকৃত স্কীমসমূহের পরিলক্ষিত ত্রুটি/সমস্যা সমূহের বর্ণনা | | | ত্রুটি সংশোধন/সমস্যা সমূহ সমাধানের জন্য সুপারিশমালা/গৃহীত ব্যবস্থাদি ও মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | Item | Design Specification | Field Observation | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | **Electrical Work** | - | • মিনি এসডিবিতে 20A সার্কিট ব্রেকারের স্থলে 32A সার্কিট ব্রেকার স্থাপন করা হয়েছে। | • স্পেসিফিকেশন ও ডিজাইন অনুযায়ী মিনি এসডিবিতে 20A সার্কিট ব্রেকার স্থাপন করতে হবে। |
| | | | | **Septic Tank & Soak Well** | - | • Septic Tank & Soak Well এ CI ম্যানহল কভার - এর পরিবর্তে Fixed করে RCC ম্যানহল কভার স্থাপন করা হয়েছে। | • স্পেসিফিকেশন ও ডিজাইন অনুযায়ী Septic Tank & Soak Well - এ CI ম্যানহল কভার স্থাপন করতে হবে। |
| | | | | **PVC পাইপ দ্বারা ভবনের OutSide Pipe Line এবং Inspection Pit নির্মাণ** | **Thickness of 150mm Dia Pipe = 4.5mm 100mm Dia Pipe = 3.4mm** | • স্পেসিফিকেশন ও প্রাক্কলনে বর্ণিত PVC পাইপের মাধ্যমে ভবনের পানি নিস্কাশনের জন্য ভবনের Outside Pipe Line এবং ড্রইং ও ডিজাইন অনুযায়ী Inspection Pit স্থাপন করা হয়নি। | • স্থাপিত পাইপ লাইন এবং ব্যবহার অনুপযোগী হয়ে যাওয়া Inspection Pit অপসারণ করে স্পেসিফিকেশন ও প্রাক্কলনে বর্ণিত PVC পাইপ দিয়ে পাইপ লাইন স্থাপন এবং ড্রইং ও ডিজাইন অনুযায়ী Inspection Pit স্থাপন করতে হবে, যাতে পরবর্তীতে Inspection Pit - এর স্ল্যাব উঠিয়ে ভিতরের ময়লা পরিস্কার করা যায় এবং সহজে পানি নিষ্কাশিত হয়। |
| | | | | **মার্কেট ভবনের নাম ফলক** | - | • অত্র দপ্তর হতে ইতিপূর্বে সরবরাহকৃত নমুনা অনুযায়ী মার্কেট ভবনের নাম ফলক করা হয়নি। | • অত্র দপ্তর হতে সরবরাহকৃত নমুনা এবং নির্দেশনা অনুযায়ী দৃশ্যমান স্থানে খোদাই করে মার্কেট ভবনের নাম ফলক নির্মাণ করা নিশ্চিত করতে হবে। |

বিশেষ মন্তব্য ঃ

- চুক্তি সম্পাদনের পর দীর্ঘদিন অতিবাহিত হলেও কাজের অগ্রগতি সন্তোষজনক নয় এবং সময় বর্ধনের বিষয়েও কোন উদ্দ্যোগ গ্রহণ করা হয়নি। এতে প্রতিয়মান হচ্ছে, **Contract Management** এবং **Time Managment** এর বিষয়ে ক্রয়কারী কার্যকর কোন ব্যবস্থা গ্রহণ করেননি। এ বিষয়ে অধিকতর যত্নবান হওয়া উচিত। অন্যথায় পরবর্তীতে সৃষ্ট যে কোন জটিলতার জন্য ক্রয়কারী ও সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী দায়ী থাকবেন।
- স্পেসিফিকেশন ও সিডিউলে উল্লেখিত ব্র্যান্ড অনুযায়ী, স্যানিটারী মালামাল, বৈদ্যুতিক মালামাল ও সোলার সিস্টেম স্থাপন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- পাইপ লাইনের সঠিক স্লোপ নিশ্চিত করতে হবে এবং **Inspection Pit** সমূহ **Drawing** ও **Design** অনুযায়ী সঠিকভাবে নির্মাণ করে পাইপ - এর সঠিক **Connection** নিশ্চিত করতে হবে, যাতে সহজেই **Waste Water** এবং **Sewerage Water** আলাদা আলাদা ভাবে নিষ্কাশন হতে পারে।

22/07/2024
(শাকিল হাওলাদার)
উপ-সহকারী প্রকৌশলী

22/07/2024
(স্বপন কান্তি পাল)
প্রকল্প পরিচালক



**Toreya Bazar**, under Upazila : **Atwari**, District : **Panchagarh.**



**Toreya Bazar**, under Upazila : **Atwari**, District : **Panchagarh.**



**Toreya Bazar**, under Upazila : **Atwari**, District : **Panchagarh.**



**Toreya Bazar**, under Upazila : **Atwari**, District : **Panchagarh.**



**Toreya Bazar**, under Upazila : **Atwari**, District : **Panchagarh.**



**Toreya Bazar**, under Upazila : **Atwari**, District : **Panchagarh.**



**Toreya Bazar**, under Upazila : **Atwari**, District : **Panchagarh.**





**Toreya Bazar**, under Upazila : **Atwari**, District : **Panchagarh.**